

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/২০ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৫.১২-২৮১।—বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "Lafarge Surma Cement Ltd" কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১০০, ১০২(২) এবং ১১৪ (১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৮ ডিসেম্বর/২০১৭ হইতে ২৭ জুন/২০১৮ খ্রিঃ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :—

শর্তাবলী :

- ১। কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না।
- ২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করিতে হইবে।
- ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- ৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।
- ৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাকিলা জেরিন আহমেদ

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৮১১)

মূল্য : টাকা ৪.০০